ঝিনাইদহে যুবলীগ নেতা নয়নকে হত্যাচেষ্টা মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের আলোচিত যুবলীগ নেতা নয়নকে হত্যা চেষ্টা মামলার অন্যতম পলাতক আসামী কে ঢাকা থেকে গ্রেফতার করেছে র্যাব-৬।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায়, বৃহস্পতি বার (৫ জানুয়ারি) র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, নয়ন হত্যাচেষ্টা মামলার অন্যতম পলাতক আসামী ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় আত্নগোপন রয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অভিযানিক দলটি ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় রাত দেড়টার দিকে অভিযান পরিচালনা করে ঝিনাইদহ সদর থানার বয়ড়াতলা গ্রামের মোঃ এনামুল কবির বিপ্লব (৩৮) কে গ্রেফতার করে।

উল্লেখ যে, রাজনৈতিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পূর্ব শত্রুতার জেরধরে গত ২৮ ডিসেম্বর সন্ধ্যা সাড়ে সাতটার দিকে যুবলীগ নেতা নয়ন ইসলাম শহর থেকে নিজ বাড়ীতে ফেরার পথে ঝিনাইদহ সদর থানার বয়রাতলা ফকিরপাড়া এলাকায় পৌছলে গ্রেফতারকৃত আসামীসহ তার সহযোগীরা রামদা, চাইনিজ কুড়াল, লোহার রডসহ বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে ভিকটিম কে এলোপাথাড়ি ভাবে আঘাত করে শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত ও গুরুতর জখম করে। তাৎক্ষনিক ভাবে স্থানীয়রা ভিকটিমকে ঝিনাইদহ সদর হাসাপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা প্রদান শেষে ভিকটিমকে ঢাকা পঙ্গু হাসাপাতালে রেফার্ড করে।

এ বিষয়ে ভিকটিমের পিতা জাহাঙ্গীর আলম বাদী হয়ে গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ঝিনাইদহের সদর থানায় একটি হত্যাচেষ্টা মামলা দায়ের করেন। বিষয়টি বিভিন্ন মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হয় এবং জনমনে চাঞ্চল্যের সৃষ্টি করে। উক্ত ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং আসামীদের গ্রেফতারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে।
গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।